

বিকেএসপি কাপ ভলিবলে বিকেএসপি লাল দল চ্যাম্পিয়ন

১ম বিকেএসপি কাপ আমন্ত্রণমূলক আন্তর্জাতিক ভলিবল টুর্নামেন্ট-২০২৪ এ বিকেএসপি লাল দল চ্যাম্পিয়ন হয়েছে। ২৯ এপ্রিল বিকেলে বিকেএসপির জিমন্যাশিয়ামে অনুষ্ঠিত উত্তেজনাপূর্ণ খেলায় বিকেএসপি লাল দল ৩-০ (২৫-১৩, ২৫-২১ ও ২৭-২৫) সেটে নেপালের রুরাল মিউনিসিপ্যালিটি ভলিবল দলকে পরাজিত করে চ্যাম্পিয়ন হবার গৌরব অর্জন করে। খেলা শেষে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব ড. মহিউদ্দিন আহমেদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে চ্যাম্পিয়ন ও রানার-আপ দলের হাতে পুরস্কার তুলে দেন। অনুষ্ঠানের বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিকেএসপির মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ মো: মোতাহের হোসেন, এনডিসি, পিএসসি। উল্লেখ্য ৬ দিন (২৪-২৯ এপ্রিল) ব্যাপী অনুষ্ঠিত এ টুর্নামেন্টে বিকেএসপির ২টি দল ছাড়াও মালদ্বীপের পুলিশ ক্লাব ও নেপালের রুরাল মিউনিসিপ্যালিটি ভলিবল দল অংশগ্রহণ করে।



ফিফা ও বাফুফের প্রতিনিধিবৃন্দের বিকেএসপি পরিদর্শন

২৭ এপ্রিল, রোজ শনিবার, ফিফা ও বাফুফের একটি প্রতিনিধি দল বিকেএসপি পরিদর্শনে আসেন। বিকেএসপির মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ মো: মোতাহের হোসেন, এনডিসি, পিএসসি প্রতিনিধি দলকে স্বাগত জানান। ফিফা রিজিওনাল টেকনিক্যাল কনসালটেন্ট (দক্ষিণ এশিয়া) চকি নেইমা ফিফার ট্যালেন্ট ডেভেলপমেন্ট প্রোগ্রামের আওতায় বাফুফে ও বিকেএসপির সাথে এক সভায় মিলিত হন। আলোচনায় বিকেএসপির পক্ষ থেকে প্রশিক্ষণ কার্যক্রমে ফ্লাড লাইট, ফিটনেস ট্রেইনার মাঠ সংস্কারের প্রয়োজনীয়তার কথা বললে ফিফা প্রতিনিধি ফিফা ডেভেলপমেন্ট ম্যানেজারকে অবগত করবেন বলে জানান। ফিফা প্রতিনিধি চকি নেইমা বাফুফে ও বিকেএসপিকে ফুটবলের উন্নয়নে দুইপক্ষের চুক্তি স্বাক্ষরের মাধ্যমে কাজ করার আহ্বান জানান। আলোচনা সভায় বিকেএসপির পক্ষে মহাপরিচালকের সাথে ছিলেন পরিচালক (প্রশিক্ষণ) কর্ণেল মো: মিজানুর রহমান, পিএসসি, উপ-পরিচালক (প্রশিক্ষণ) উজ্জল চক্রবর্তী ও ফুটবল বিভাগের সিনিয়র কোচ মো: শাহিনুল হক। বাফুফের পক্ষে টেকনিক্যাল ডিরেক্টর এ কে এম সাইফুল বারী টিটু, ডেভেলপমেন্ট কমিটির সদস্য মো: শফিউর রহমান মনি এবং বাফুফের টেকনিক্যাল কো-অর্ডিনেটর মো: সাঈদ হোসেন উপস্থিত ছিলেন। পরিদর্শন দলটি ফুটবলের উন্নয়নে বিকেএসপিতে বিদ্যমান সুযোগ-সুবিধা দেখে সন্তোষ প্রকাশ করেন।

